জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
shilpakala.sylhet.gov.bd

নম্বর : ৪৩.২০.৯১০০.০০১.১৬.০০১.২০.০৬

তারিখ : ২০ পৌষ ১৪২৮ / ০৪ জানুয়ারি ২০২২

## সম্পাদিত কার্যক্রমের প্রতিবেদন : ডিসেম্বর ২০২১

**০১। বিজয় র‍্যালিতে অংশগ্রহণ :** বাঙালির শ্রেষ্ঠতম অর্জন ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধ এবং গৌরবময় বিজয়। মহান বিজয়ের মাস ডিসেম্বরকে বরণের লক্ষ্যে ১ ডিসেম্বর ২০২১ জেলা প্রশাসন সিলেট আয়োজিত বর্ণাঢ্য বিজয় শোভাযাত্রায় অংশগ্রহণ করে জেলা শিল্পকলা একাডেমি সিলেট।

**০২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন :** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে সিলেট জেলা শিল্পকলা একাডেমির উদ্যোগে আয়োজন করা হয় বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠান। ৫ ডিসেম্বর ২০২১ বিকাল ৪টায় নগরীর পূর্ব শাহী ঈদগাহস্থ একাডেমির মিলনায়তনে অনুষ্ঠানটি আয়োজিত করা হয়। অনুষ্ঠানের শুরুতেই স্বাগত বক্তব্য রাখেন জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত। আবৃত্তিশিল্পী নাফিসা তানজীনের সঞ্চালনায় সাংস্কৃতিক পরিবেশনার মধ্য দিয়ে জাতির পিতার প্রতি শ্রদ্ধা নিবেদন করে অসমাপ্ত আত্মজীবনী গ্রন্থ থেকে পাঠ করেন আবৃত্তিশিল্পী নাজমা পারভীন, বঙ্গবন্ধুকে নিয়ে রচিত গান পরিবেশন করেন সংগীতশিল্পী অনিমেষবিজয় চৌধুরী ও অর্পিতা রাণী তালুকদার। ৭ই মার্চের ভাষণের অংশবিশেষ উপস্থাপন করেন মুগ্ধ মৈনাক সরকার। দলীয় পরিবেশনার মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন একাডেমির সংগীত, নৃত্য ও আবৃত্তি বিভাগের প্রশিক্ষণার্থী; ছন্দনৃত্যালয় সিলেট; নৃত্যকণা একাডেমি, ফেঞ্চুগঞ্জ; নৃত্যাঞ্জলি, গোলাপগঞ্জ এবং মৃত্তিকায় মহাকাল, সিলেট।

**০৩। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শপথ পাঠ অনুষ্ঠানে অংশগ্রহণ :** বিজয়ের সুবর্ণজয়ন্তী উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শপথ বাক্য পাঠ উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ সিলেট জেলা স্টেডিয়ামে আয়োজিত শপথ পাঠ অনুষ্ঠানে জেলা শিল্পকলা একাডেমি সিলেটের কর্মকর্তা-কর্মচারী ও প্রশিক্ষণার্থীরা অংশগ্রহণ করেন।

**০৪। মহান বিজয় দিবস ২০২১ :** যথাযোগ্য মর্যাদা ও নানাবিধ কর্মসূচির মধ্য দিয়ে বিজয়ের সুবর্ণজয়ন্তী উদযাপন করে জেলা শিল্পকলা একাডেমি সিলেট। বিজয়ের ৫০ বছর উদ্যাপন উপলক্ষে ১৬ ডিসেম্বর সকালে পুষ্পস্তবক অর্পনের মধ্য দিয়ে কর্মসূচির শুরু হয়। ১২ ডিসেম্বর দিনব্যাপী আয়োজন করা হয় সংগীত, নৃত্য ও আবৃত্তি বিষয়ক প্রতিযোগিতার। এছাড়াও আজ (১৮ ডিসেম্বর) সন্ধ্যা সাড়ে ৫টায় নগরীর পূর্ব শাহী ঈদগাহস্থ শিল্পকলা একাডেমির মিলনায়তনে আয়োজন করা হয় সাংস্কৃতিক ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিলেটের জেলা প্রশাসক এম কাজী এমদাদুল ইসলাম; জেলা শিল্পকলা এডহক কমিটির সদস্য অধ্যাপক ড. আবুল ফতেহ ফাত্তাহ; গৌতম চক্রবর্ত্তী ও জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত প্রমুখ। আবৃত্তিশিল্পী রোহেনা সুলতানার সঞ্চালনায় সাংস্কৃতিক সন্ধ্যায় নৃত্যালেখ্য, দলীয় সংগীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশনায় অংশগ্রহণ করেন জেলা শিল্পকলা একাডেমি, একাডেমি ফর মণিপুরি কালচার এন্ড আর্ট, ছন্দনৃত্যালয় ও নৃত্যমঞ্জুরী সিলেট। একক সংগীত পরিবেশনায় কৃষ্ণপদ বিশ্বাস ও মিতালী চক্রবর্ত্তী, অসমাপ্ত আত্মজীবনী গ্রন্থ থেকে পাঠে নন্দিতা দত্ত এবং ৭ই মার্চের ঐতিহাসিক ভাষনের অংশ বিশেষ উপস্থাপন করেন ঐন্দ্রিলা নাথ ঐশী। সাংস্কৃতিক অনুষ্ঠানের এক পর্যায়ে আয়োজিত প্রতিযোগিতার বিজয়ী ১৮জন প্রতিযোগীর হাতে সনদপত্র ও পুরস্কার তুলে দেন অনুষ্ঠানের অতিথিবৃন্দ।

**০৫। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবের (প্রশাসন) শিল্পকলা একাডেমি পরিদর্শন :** সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মো: শওকত আলী ২১ ডিসেম্বর সিলেট জেলা শিল্পকলা একাডেমির কার্যক্রম পরির্শন করবেন। এসময় তিনি একাডেমির প্রশিক্ষণ ক্লাস পর্যবেক্ষণ করেন এবং একাডেমির প্রশিক্ষক ও তালবাদ্যযন্ত্র সহকারীদের সঙ্গে মতবিনিময় করেন। এছাড়াও একাডেমির বিভিন্ন বিভাগের প্রশিক্ষণার্থীদের পরিবেশনায় একটি সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়।

[চলমান পাতা -২]

**০৬। গণহত্যার পরিবেশ থিয়েটার মঞ্চায়ন :** মুজিব শতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে লিয়াকত আলী লাকীর ভাবনা ও পরিকল্পনায় ৬৪ জেলায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে 'গণহত্যার পরিবেশ থিয়েটার' মঞ্চায়ন কার্যক্রমের অংশ হিসেবে জেলা শিল্পকলা একাডেমি সিলেটের ব্যবস্থাপনায় সিলেট জেলার গণহত্যার পরিবেশ থিয়েটার 'জাতিহনন একাত্তর' মঞ্চস্থ হয় ২৮ ডিসেম্বর সন্ধ্যায়। নাটকটির রচনায় ছিলেন জনাব হাসান শাহরিয়ার এবং নির্দেশক জনাব ফয়েজ জহির। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় এবং জেলা প্রশাসন সিলেটের সহযোগিতায় আয়োজিত গণহত্যার পরিবেশ থিয়েটার মঞ্চায়নের উদ্বোধন করেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির সম্মানিত মহাপরিচালক জনাব লিয়াকত আলী লাকী। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জনাব সত্যজিৎ রায় দাশের সভাপতিত্বে সম্মানিত বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনাব নিশারুল আরিফ, পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট; জনাব নীরাজ কুমার জয়সাওয়াল, ভারতীয় সহকারী হাই কমিশনার,সিলেট; জনাব শফিকুর রহমান চৌধুরী, ভারপ্রাপ্ত সভাপতি, সিলেট জেলা আওয়ামী লীগ এবং অধ্যাপক জাকির হোসেন, সাধারণ সম্পাদক, সিলেট মহানগর আওয়ামী লীগ। শুভেচ্ছা বক্তব্য রাখেন সম্মানিত নাট্য নির্দেশক জনাব ফয়েজ জহির এবং স্বাগত বক্তব্য রাখেন জেলা কালচারাল অফিসার সিলেট জনাব অসিত বরণ দাশ গুপ্ত। গণহত্যার পরিবেশ থিয়েটার পরিবেশনা শেষে অনুভূতি প্রকাশসহ ধন্যবাদ জ্ঞাপন করেন সম্মানিত জেলা প্রশাসক সিলেট জনাব এম কাজী এমদাদুল ইসলাম।

**০৭। প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম :** বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রণীত প্রশিক্ষণকেন্দ্র পরিচালন নীতিমালা ও নির্ধারিত পাঠ্যক্রমের আলোকে সিলেট জেলা শিল্পকলা একাডেমির বছরব্যাপী নিয়মিত কার্যক্রম সংগীত, নৃত্য, নাটক, তালবাদ্যযন্ত্র, চারুকলা ও আবৃত্তি বিষয়ে শিশু ও সাধারণ বিভাগের আওতায় শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। স্বাস্থ্যবিধি মেনে ১ অক্টোবর ২০২১ থেকে সরাসরি প্রশিক্ষণ ক্লাস অনুষ্ঠিত হচ্ছে। একাডেমির মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা ৯৮৭ জন। ২০২১ সালের বার্ষিক ও কোর্স সমাপনী পরীক্ষার ৩০ নভেম্বর ২০২১ তারিখ থেকে শুরু হয়েছে। এছাড়াও ১ ডিসেম্বর ২০২১ তারিখ থেকে ২০২২ শিক্ষাবর্ষে ভর্তির জন্য ফরম বিতরণ চলছে।

**০৮। লাইব্রেরী সংক্রান্ত কার্যক্রম :** জেলা শিল্পকলা একাডেমিতে একটি সুসজ্জিত লাইব্রেরি রয়েছে। লাইব্রেরিটিতে বর্তমানে পাঠকদের পড়ার জন্য সর্বমোট ১১৪২টি বই রয়েছে। পাশাপাশি বিক্রির জন্য শিল্প-সাহিত্য-সংস্কৃতির বইও রয়েছে। জেলা শিল্পকলা একাডেমির প্রশিক্ষণার্থী, প্রশিক্ষণার্থীদের অভিভাবক ছাড়াও এখানকার শিল্পী-সংস্কৃতিকর্মী এবং শিক্ষার্থীরা নিয়মিত লাইব্রেরিতে বই পড়তে আসেন। শুধুমাত্র বই পড়া কার্যক্রমের মধ্যে সীমাবদ্ধ না থেকে এর আওতায় নিয়মিত মাসিক পাঠচক্রেরও আয়োজনা করা হয়। স্বাস্থ্যবিধি মেনে সুষ্ঠুভাবে এই কার্যক্রমটি পরিচালিত হচ্ছে।

সংযুক্ত :
১.২৮. কপি ছবি/ পোস্টার/ প্রোগ্রামের স্ক্রীনশট (সফট কপি)।
২. পেপার কাটিং .৪.টি।

04/01/2022

(অসিত বরণ দাশ গুপ্ত)
জেলা কালচারাল অফিসার
সিলেট
ফোন : ০৮২১-৭১৯০৫৮
sylhet@shilpakala.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতির জন্য
১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট।